# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৬২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

আরবী

وَعَنْ صَفْوَانَ
بْنِ سَلِيمٍ أَنَّهُ قِيلَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَيَكُونُ الْمُؤْمِنُ جَبَانًا؟ قَالَ: «نعم» . فَقيل: أَيَكُونُ الْمُؤْمِنُ بَخِيلًا؟ قَالَ: «نَعَمْ» . فَقِيلَ: أَيَكُونُ الْمُؤْمِنُ كَذَّابًا؟ قَالَ: «لَا» . رَوَاهُ مَالِكٌ وَالْبَيْهَقِيُّ فِي «شعب الْإِيمَان» مُرْسلا

বাংলা

৪৮৬২-[৫১] সাফওয়ান ইবনু সালীম (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করা হলো, ঈমানদার কি ভীরু হতে পারে? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ ’’হ্যাঁ’’। জিজ্ঞেস করা হলো, ঈমানদার কি কৃপণ হতে পারে? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ ’’হ্যাঁ’’। আবার জিজ্ঞেস করা হলো, ঈমানদার কি মিথ্যাবাদী হতে পারে? রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ’’না’’।

[মালিক; আর ইমাম বায়হাক্বী (রহিমাহুল্লাহ) ’’শু’আবুল ঈমানে’’ মুরসাল হিসেবে বর্ণনা করেছেন][1]

ফুটনোট

[1] মুরসাল যঈফ : মালিক ৩৬৩০, শু‘আবুল ঈমান ৪৮১২, য‘ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৭৫২। হাদীসটি মুরসাল হওয়ার কারণে য‘ঈফ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أَيَكُونُ الْمُؤْمِنُ جَبَانًا؟) মু’মিন বান্দা কি সাধারণত ভীরু হতে পারে? (قَالَ: نعم) তিনি বললেন, হ্যাঁ হতে পারে যা ঈমানের পরিপন্থী নয়। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে আবার জিজ্ঞেস করা হলো, মু’মিন বান্দা কি স্বভাবত কৃপণ হতে পারে? যেমনটি আল্লাহ্ তা‘আলা বলেছেনঃ‍وَكَانَ الْإِنْسَانُ قَتُورًا ‘‘...বাস্তবিকই মানুষ

বড়ই সংকীর্ণচিত্ত’’- (সূরাহ্ বানী ইসরাঈল ১৭ : ১০০)। তিনি বললেন, হ্যাঁ, হতে পারে তবে সাধারণ ঈমান বা পরিপূর্ণ ঈমানের পরিপন্থী নয়। তাকে আবার জিজ্ঞেস করা হলো। (أَيَكُونُ الْمُؤْمِنُ كَذَّابًا؟) মু’মিন বান্দা কি মিথ্যাবাদী হতে পারে? অর্থাৎ অধিক মিথ্যা কথা বলতে পারে অথবা স্বভাব ও চরিত্র অনুযায়ী মিথ্যাবাদী হতে পারে? তিনি উত্তর দিলেন না, হতে পারে না। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সাফওয়ান ইবনু সালীম (রহঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75586

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন